

অগ্রণী ব্যাংক লিমিটেড
আইন বিভাগ, প্রধান কার্যালয়
৫৬, পুরানা পল্টন, (৩য় তলা), ঢাকা

উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক,
আঞ্চলিক কার্যালয়
অগ্রণী ব্যাংক লিমিটেড
সকল অঞ্চল


বিষয়ঃ- অগ্রণী ব্যাংকে তালিকাভুক্ত আইনজীবী নিয়োগের জন্য পুনঃ নিয়োগ
বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা করন প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে পরিচালনা পর্ষদের নির্দেশে অদ্য ১৯-১১-০৯ ইং তারিখ দৈনিক প্রথম আলো পৃষ্ঠা-৪ ও দৈনিক ফিনানসিয়াল এক্সপ্রেস পৃষ্ঠা-৬ এ অত্র ব্যাংকে তালিকাভুক্ত আইনজীবী নিয়োগের জন্য পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। উক্ত পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য বারকাউন্সিল সহ সংশ্লিষ্ট এলাকার জেলা জজ আদালতের নোটিশ বোর্ড জেলা আইনজীবী সমিতির কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড, এস পি অফিসের নোটিশ বোর্ড, গনপূর্ত বিভাগ, পৌরসভাসহ জন বহুল এলাকায় (বাস ষ্ট্যান্ড, লঞ্চঘাট) লটকাইয়া প্রচার নিশ্চিত করে নিশ্চিতকরন সংক্রান্ত প্রমান আপনাদের কার্যালয়ে সংরক্ষন করতঃ এক কপি অত্র বিভাগে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তঃ- বিজ্ঞপ্তির কপি।


(মোঃ শহীদুল্লাহ)
উপ-মহাব্যবস্থাপক

অগ্রণী ব্যাংক লিমিটেড
আইন বিভাগ, প্রধান কার্যালয়
৫৬, পুরানা পল্টন, (৩য় তলা), ঢাকা।

তালিকাভুক্ত আইনজীবী পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি


অগ্রণী ব্যাংক লিমিটেড শাখা সমূহের সকল প্রকার দেওয়ানী, ফৌজদারী, অর্থ ঋণ ও দেউলিয়া বিষয়ক আইনে মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত কর্মকাণ্ড সম্পাদনের নিমিত্তে নিম্নে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীদের নিকট হইতে তালিকাভুক্ত আইনজীবী নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাইতেছে। ঢাকা মহানগরী এলাকার জন্য উপ-মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, আইন বিভাগ, প্রধান কার্যালয়, ৫৬, পুরানা পল্টন, ৩য় তলা ঢাকা, চট্টগ্রাম মহানগরী এলাকার জন্য উপ-মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপকের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, চট্টগ্রাম সার্কেল, কাদেদৌরী চেম্বার, ৩৭ আখাবাদ বা/এ, চট্টগ্রাম এবং উক্ত এলাকা ব্যতীত বাংলাদেশের অন্যান্য স্থানের জন্য অগ্রণী ব্যাংক লিমিটেড এলাকাধীন আঞ্চলিক কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক এর কার্যালয়ে আবেদনপত্র দাখিল করিতে হইবে।

- ১। আইনে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী তবে শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে একাধিক তৃতীয় বিভাগ/ শ্রেণী থাকিলে আবেদন করিবার প্রয়োজন নাই। ৩১-১০-২০০৯ ইং তারিখ পর্যন্ত ঢাকা মহানগরী এলাকার জন্য কমপক্ষে ৫ (পাঁচ) বৎসর হাইকোর্টে আইন পেশার অভিজ্ঞতাসহ ৭ (সাত) বৎসর এবং অন্যান্য অঞ্চলের জন্য স্ব স্ব বারে কমপক্ষে ৭ (সাত) বৎসর আইনজীবী হিসাবে মামলা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। আইনে উচ্চতর ও বিদেশী ডিগ্রীর ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য।
- ২। আইন পেশায় নিয়োজিত অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় এবং অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তাগণকে অগ্রাধিকার দেওয়া হইবে এবং ক্ষেত্র বিশেষে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা শিথিল করা যাইতে পারে।
- ৩। ফৌজদারী অপরাধে দন্ডপ্রাপ্ত/ বিচারাধীন বা কোন অবাঞ্ছিত কারণে ব্যাংকের তালিকা হইতে বাদ পড়া আইনজীবীদের আবেদন করিবার প্রয়োজন নাই।
- ৪। যে সকল আইনজীবী ইতোপূর্বে তালিকাভুক্ত হইয়াছেন তাহাদিগকে এই পদের জন্য পুনরায় আবেদন করিতে হইবে। অন্য কোন ব্যাংকে তালিকাভুক্ত থাকিলে তাহা আবেদন পত্রে উল্লেখ থাকিতে হইবে।
- ৫। এই নিয়োগ ৩ (তিন) বৎসরের জন্য এবং কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন মুহূর্তে এই নিয়োগ বাতিল করিবার ক্ষমতা রাখেন।
- ৬। ব্যাংকের পক্ষে মামলা মোকদ্দমা ও অন্যান্য আইনগত কার্যাবলী পরিচালনার জন্য তালিকাভুক্ত আইনজীবীগণ ব্যাংকের প্রচলিত বিধি অনুযায়ী সন্মানী প্রাপ্ত হইবেন।
- ৭। অগ্রহী প্রার্থী / প্রার্থীদের পূর্ণ জীবন বৃত্তান্ত, ২ (দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, এডভোকেট হিসাবে এনরোলমেন্টের হাল নাগাদ সনদপত্র, সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট বার এর অভিজ্ঞতার সনদপত্র সমূহের সত্যায়িত আলোকচিত্রানুলিপি সম্বলিত ২ সেট আবেদনপত্র আগামী ৩১-১২-২০০৯ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। উক্ত তারিখের পত্র কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না। প্রত্যেক আবেদনকারীকে আবেদন পত্রের সহিত অগ্রণী ব্যাংক লিমিটেড এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার / ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযোজন করিতে হইবে।
- ৮। উল্লেখ্য ইতোপূর্বে পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক যাহারা আবেদন করিয়াছেন তাহাদের পুনরায় আবেদন করিবার প্রয়োজন নাই।
- ৯। বর্ণিত আবেদনপত্রে অন্যান্য তথ্যাবলীর সাথে নিয়োক্ত তথ্যসমূহ সন্নিবেশিত করিতে হইবে:-

উর্জীর্ণ পরীক্ষাসমূহের নাম	বোর্ড/ বিশ্ববিদ্যালয়ের নাম	পাশের সন	প্রাপ্ত বিভাগ/শ্রেণী
এস,এস,সি বা সমমান			
এইচ,এস,সি বা সমমান			
স্নাতক/ স্নাতক (সন্মান)			
এল,এল,বি/এল,এল,বি (অনার্স)			
স্নাতকোত্তর/এল,এল,এম			
অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা বিবরণ (যদি থাকে):-			

- অভিজ্ঞতার বিবরণ: (ক) নিম্ন আদালতে..... বৎসর
(খ) উচ্চ আদালতেঃ এ্যাপিলেট ডিভিশনে বৎসর।
হাইকোর্ট ডিভিশনে বৎসর।
নোটারী পাবলিক বৎসর

ব্যাংক কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং তালিকাভুক্তির বিষয়ে কর্তৃপক্ষীয় সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।


মোঃ শহীদুল্লাহ
উপ-মহাব্যবস্থাপক